

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।  
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০১.১৭-

তারিখঃ /০৬/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে জাতীয় দরপত্রের মাধ্যমে এবং অভ্যন্তরীণভাবে সংগৃহীত ধান/চালের মূল্য পরিশোধের নিমিত্তে বরাদ্দকৃত অর্থের রিকনসাইলড হিসাব বিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সংগৃহীত ধান/চালের মূল্য পরিশোধের নিমিত্তে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে অত্র বিভাগ হতে জেলা/উপজেলায় যথাযথ কোড নং ও খাত ভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। সিএও (খাদ্য) দপ্তরের সাথে হিসাব মিলিকরণের জন্য জেলা/উপজেলায় যথাযথ কোড নং ও খাত ভিত্তিক তথ্যাদি প্রয়োজন। এতে সরকারী অর্থ ব্যয়ের হিসাব সংরক্ষণ সঠিক হবে। এ সমস্যা নিরসনকল্পে দ্রুত নিম্নরূপ ব্যবস্থা নিতে নির্দেশনা দেয়া হলোঃ

(ক) ০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৮ খ্রিঃ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের রিকনসাইলড হিসাব সংযুক্ত 'ছক' মোতাবেক প্রেরণ নিশ্চিত করতে হবে।

(খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (উপজেলাওয়ারী) রিকনসাইলড বি-বিবরণী সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করবেন।

(গ) জেলা খাদ্য নিয়ন্ত্রক তার নিয়ন্ত্রণাধীন উপজেলাগুলোর রিকনসাইলড প্রতিবেদন একত্রিভূত করে সমন্বিত প্রতিবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন।

(ঘ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক তাঁর আওতাধীন সকল জেলার (জেলা-উপজেলাওয়ারী রিকনসাইলড হিসাব) প্রতিবেদন একত্রিভূত করে সমন্বিত প্রতিবেদন হিসাব ও অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

২। উল্লেখ্য যে, প্রতিবেদন প্রেরণ কালে হিসাবের সঠিকতা যাচাই করতে হবে এবং সকল উপজেলা /কেন্দ্রের রিকনসাইলড বিবরণী অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

৩। এমতাবস্থায়, সুষ্ঠু হিসাব ও আর্থিক ব্যবস্থাপনার স্বার্থে উপরোক্ত নির্দেশনার আলোকে ১লা জুলাই/২০১৮ খ্রিঃ এর মধ্যে নির্ভুল প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে বলা হলো।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক  
ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর  
(আওতাধীন সকল দপ্তরে পত্রটি পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

স্বঃ  
(স্বপন কৃষ্ণ বণিক)  
পরিচালক  
ফোন-৯৫৫৬৩০৬  
Email:daf@dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০১.১৭- ৪৭/৭(৬)  
সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থেঃ

তারিখঃ ২৭/০৬/২০১৮ খ্রিঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-সচিব (অভ্যঃ সংগ্রহ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য ভবন, ঢাকা। (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৫। অফিস কপি।

স্বঃ  
(স্বপন কৃষ্ণ বণিক)  
পরিচালক  
২৭/০৬/১৮

ছক-ক

০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রকৃত ব্যয়ের রি-কনসাইলড বিবরণীঃ

অর্থনৈতিক কোড নং	খাতের বিবরণ	পণ্য	০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৮ খ্রিঃ পর্যন্ত সংগ্রহের পরিমাণ (মেঃ টন)	দর	সংগৃহীত পণ্যের মোট মূল্য ১% কমিশনসহ	০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রাপ্ত প্রকৃত বরাদ্দের অর্থ	প্রকৃত ব্যয় ০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ব্যয়	অব্যয়িত	মন্তব্য
১	২	৩	৪	৫	$(৪ \times ৫) + ১\%$ কমিশন=৬	৭	৮	৭-৮=৯	১০
৩/৪৮২১/০০১৫/৬৪০৬	চাল ক্রয় চলতি বছর		বোরো/১৭ (আতপ ও সিদ্ধ) বোরো/১৮ (আতপ, সিদ্ধ ও ধান ) আমন-২০১৮ প্যাকেজ-১ প্যাকেজ-২ প্যাকেজ-৩						

*(Handwritten mark)*

*(Handwritten signature)*

